

বরিশাল সিটি কলেজ

জুনিয়র শিক্ষককে অস্থায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ

বরিশাল প্রতিনিধি •

একাধিক সিনিয়র শিক্ষককে ডিউটীয়ে বরিশাল সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে অস্থায়ী নিয়োগ দেওয়া হয়েছে একই কলেজের শিক্ষক সুজিত কুমার দেবনাথকে। একাধিক সিনিয়র শিক্ষক অভিযোগ করেন, কলেজের সাবেক বিতর্কিত ভারপ্রাপ্ত অধ্যক্ষ রবীন্দ্রনাথ অধিকারীকে অধ্যক্ষ পদে চূড়ান্ত নিয়োগ দিতে পায়তারা চালাচ্ছেন গভর্নিং বডি। তাছাড়া কলেজের বিভিন্ন বিষয়ে প্রডায়ক পদে শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও নিয়োগ বাণিজ্যের নানা পায়তারা চলেছে বলে অভিযোগ করেন তারা।

বরিশাল সিটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করছিলেন রবীন্দ্র নাথ অধিকারী। কিন্তু তিনি নিজে অধ্যক্ষ পদে প্রার্থী হওয়ায় নিয়মানুযায়ী ভারপ্রাপ্ত অধ্যক্ষ পদে থাকতে পারেন না। সে কারণে তিনি গভর্নিং বডির সদস্যদের সাথে আত্মত্যাগ করে একাধিক সিনিয়র শিক্ষককে বাদ দিয়ে নিজের পছন্দের জুনিয়র শিক্ষক সুজিত কুমার দেবনাথকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব দিয়েছেন। একাধিক সূত্র জানায়, সুজিত কুমার দেবনাথ বরিশাল আইনজীবী সমিতির একজন নিয়মিত আইনজীবী। তার সনদ নম্বর ৫৩২। বরিশাল বারে তার যোগদানের তারিখ ১৩-০৪-১৯৯৬। ২০১৫ সালে বরিশাল আইনজীবী সমিতির নির্বাচনে তার ভোটার নম্বর ছিল ৩০৮। একজন নিয়মিত ও সনদধারী আইনজীবী একটি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করতে পারেন কিনা সে প্রশ্নও তুলেছেন কয়েকজন শিক্ষক।

শিক্ষকদের অপর একটি সূত্র জানায়, রবীন্দ্রনাথ অধিকারীর বিরুদ্ধে দুর্নীতির একটি মামলা আদালতের নির্দেশে বর্তমানে দৃঢ় তদন্ত করছে। সিনিয়রিটি লঙ্ঘন করে সুজিত কুমার দেবনাথকে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান বিষয়ে ম্যানেজিং কমিটির সদস্য ও শিক্ষক প্রতিনিধি মো. মোসাদ্দেক হোসেনের মতামত জানতে চাইলে তিনি বলেন, গভর্নিং বডির সভাপতি বিষয়টি ভালো বলতে পারবেন।

বরিশাল সিটি কলেজ গভর্নিং বডির সভাপতি ও বরিশাল সদর আসনের সংসদ সদস্য জেবুনেছা আফরোজ জানান, গভর্নিং বডির সকল সদস্যের সর্বসম্মত মতামতের ভিত্তিতে সুজিত কুমার দেবনাথকে ভারপ্রাপ্ত অধ্যক্ষ হিসেবে মনোনয়ন দেওয়া হয়েছে। সিনিয়রিটি লঙ্ঘনের বিষয়ে তিনি বলেন, যেহেতু গভর্নিং বডির সর্বসম্মত মতামতের ভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষ নিয়োগ হয়েছে সেক্ষেত্রে আমার কিছু করার ছিল না।